# আত্ তারগীব ওয়াত্ তারহীব

## হাদিস নাম্বারঃ ৫৪১

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৪) রুকূ'-সিজদা পরিপূর্ণ না করা, মেরুদন্ড সোজা করে না দাঁড়ানোর ব্যাপারে ভীতি প্রদর্শন ও একাগ্রতার সাথে নামায আদায় করার ব্যাপারে যে নির্দেশ এসেছে তার বর্ণনা

الترهيب من عدم إتمام الركوع والسجود وإقامة الصلب بينهما وما جاء في الخشوع

আরবী

(صحيح) و عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمًا ثُمَّ انْصَرَفَ فَقَالَ يَا فُلَانُ أَلَا تُحْسِنُ صَلَاتَكَ أَلَا يَنْظُرُ الْمُصَلِّي إِذَا صَلَّى كَيْفَ يُصَلِّي فَإِنَّمَا يُصَلِّي لِنَفْسِهِ إِنِّي لَأُبْصِرُ مِنْ وَرَائِي كَمَا أُبْصِرُ مِنْ بَيْنِ يَدَيَّ. رواه مسلم والنسائي وابن خزيمة

বাংলা

৫৪১. (সহীহ্) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদিন রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) নামায পড়লেন। অতঃপর ফিরে বসে বললেনঃ ”হে উমুক তুমি কি সুন্দর করে নামায পড়বে না? মুসল্লি কি খেয়াল করবে না কিভাবে সে নামায পড়ছে? সে তো নিজের উপকারের জন্যই নামায পড়ছে। আমি যেমন আমার সম্মুখে দেখতে পাই তেমন আমার পিছন দিকেও দেখতে পাই।” [1]

(মুসলিম ৪২৩, নাসাঈ ২/১১৯ ও ইবনে খুযাইমা হাদীছটি বর্ণনা করেছেন ১/২৪১)

(হাসান) ইবনে খুযাইমার বর্ণনায় এসেছেঃ

صَلَّى بِنَا رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الظُّهْرَ، فَلَمَّا سَلَّمَ نَادَى رَجُلاً كَانَ فِي آخِرِ الصُّفُوف ، فَقَالَ : يَا فُلاَنُ ، أَلاَ تَتَّقِي اللَّهَ أَلاَ تَنْظُرُ كَيْفَ تُصَلِّي ؟ إِنَّ أَحَدَكُمْ إِذَا قَامَ يُصَلِّي إِنَّمَا يَقُومُ يُنَاجِي رَبَّهُ ، فَلْيَنْظُرْ كَيْفَ يُنَاجِيهِ ، إِنَّكُمْ تَرَوْنَ أَنِّي لاَ أَرَاكُمْ ، إِنِّي وَاللَّهِ لأَرَى مِنْ خَلْفِ ظَهْرِي كَمَا أَرَى مِنْ بَيْنِ يَدَيَّ ..

রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাদেরকে নিয়ে যোহরের নামায পড়লেন। সালাম ফেরানোর পর পিছনের কাতার থেকে একজন লোককে সামনে ডাকলেন। তারপর বললেনঃ ”হে উমুক! তুমি কি আল্লাহকে ভয় করবে না? কিভাবে নামায পড়ছো তা কি তুমি খেয়াল করবে না? তোমাদের কোন ব্যক্তি যখন নামাযে দন্ডায়মান

হয়, তখন সে তার পালনকর্তার সাথে গোপনে কথা বলে। তাই খেয়াল করা উচিত কিভাবে সে তাঁর সাথে কথা বলছে। তোমরা মনে করছো আমি তোমাদেরকে দেখতে পাই না। আল্লাহর শপথ আমি তোমাদেরকে পিছন থেকে দেখতে পাই, যেমন আমি সামনের দিক থেকে দেখতে পাই।’’

## ফুটনোট

[1] . ইমাম নববী মুসলিমের ভাষ্য গ্রন্থে বলেনঃ বিদ্বানগণ বলেছেনঃ এর অর্থ হচ্ছে আল্লাহ তা’আলা নবী (সাল্লাল্লহু আলাইহি ওয়া সাল্লাম)এর পিছনের দিকে এমন একটি অনুভূতি সৃষ্টি করে দিয়েছেন যে, তিনি পিছনের দিকে দেখতে পান। এছাড়া আরো অনেক স্থানে নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর মো'জেযা প্রমাণিত হয়েছে। এধরণের বিষয় বিবেক বা শরীয়তের মধ্যে অস্বীকার করার উপায় নাই। প্রকাশ্যভাবে শরীয়তে এটি প্রমাণিত হয়েছে। সুতরাং এটা বিশ্বাস করা ওয়াজিব। ক্বাযী ইয়ায বলেনঃ ইমাম আহমাদ বিন হাম্বাল এবং অধিকাংশ বিদ্বান বলেনঃ এই দেখা প্রকৃতপক্ষে চোখেরই দেখা।’’ শায়খ আলবানী বলেনঃ নবী (সাল্লাল্লহু আলাইহি ওয়া সাল্লাম) এর এই অবস্থাটি শুধুমাত্র নামাযের অবস্থাতেই নির্দিষ্ট। সবসময় এরূপ হওয়ার কোন দলীল নেই। অতএব সাবধান।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88329

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন